ময়মনসিংহ সীমান্ত দিয়ে ২২ জনকে পুশ-ইন করেছে বিএসএফ

আইয়ুব আলী ময়মনসিংহ:: ময়মনসিংহের সীমান্তবর্তী ধোবাউড়া ও হালুয়াঘাট সীমান্ত দিয়ে ২২ জনকে পুশ-ইন করেছে ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনী বিএসএফ। শনিবার মধ্যরাতের পর তাদেরকে পুশ-ইন করা হয় বলে জানিয়েছেন বাংলাদেশ বর্ডার গার্ড বিজিবি। বিজিবি ময়মনসিংহ সেক্টর কমান্ডার কর্নেল সরকার মোহাম্মদ মোস্তাফিজুর রহমান জানান, ধোবাউড়া সীমান্তের মুন্সিপাড়া পয়েন্ট দিয়ে পুশ-ইন করা হয় দুই পরিবারের নারী, পুরুষ ও শিশুসহ ১২ জনকে। গুজরাট পুলিশের হাতে আটক হওয়া এই ১২ জনকে গোহাটি বিমানবন্দর ও মেঘালয় হয়ে বাংলাদেশ সীমান্তে নিয়ে এসে পুশ-ইন করা হয়। বিজিবি মুন্সিপাড়া ক্যাম্পে তাদেরকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এদিকে হালুয়াঘাট সীমান্ত দিয়ে আরও ১০ জনকে পুশ-ইন করা হয়েছে। হালুয়াঘাটের সূর্যপুর বিজিবি ক্যাম্পে আটক ওই ১০ জনের মধ্যে নয় জন নারী ও একজন মেয়ে শিশু রয়েছে। ভারতের মেঘালয় সীমান্ত দিয়ে বিএসএফ তাদেরকে পুশ-ইন করে।

হালুয়াঘাট সীমান্ত দিয়ে ১০ জন, খুলনার পারভীন আক্তার (৫৫), তার মেয়ে মরিয়ম (১৭), জলি খাতুন (১৫) রিনা আক্তার (৪৩), ভারতীয় নাগরিক মিরাজের স্ত্রী শান্তি বেগম (৩৫), মেয়ে আয়শা খাতুন ১ বছর ৬ মাস, নড়াইলের শাহনাজ মোল্লা (২৯), ফরিদপুরের রাজিয়া আক্তার (৩০), নঢ়াই্টলের লিপি আর বেগম (৩৯), যশোরের সেলিনা খাতুন (৩০)। ধোবাউড়া সীমান্ত দিয়ে ১২ জন, আব্দুল্লাহ (২১), রুবেল শেখ (১৭), হাসিনা বেগম (৪৫), নঢ়াইলের যশোর আলী (৫০), মরফু মোল্লা (৭০), রগমত উল্লাহ (২৪), মারুফা বেগম (৫০), রহিম মোল্লা(২১), আব্দুর রহমান (১৯), এনায়েতউল্লাহ (১৭), মো আবদুল্লাহ(৮), সুমাইয়া (১৩)।

বিজিবি ময়মনসিংহ সেক্টর কমান্ডার কর্নেল সরকার মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, ইতোমধ্যে বিএসএফের কাছে প্রতিবাদ পাঠানো হয়েছে ম্যাসেজ দেয়া হয়েছে। তাদেরকে বলেছি যেন তারা যেন অবৈধ ভাবে পুশ ইন না করে। এর আগে কুড়িগ্রাম দিয়ে হয়েছে, ময়মনসিংহ সীমান্ত দিয়ে বিভাগে এটাই প্রথম। ভারতকে আবারও বলেছি তারা যেন এই কাজটি না করে। আমাদেরকে তারা যেন আগে অবহিত করে আমরা তাদের আনার চেস্টা করব।